# মৃত্যুর সাথে লড়ছেন ‘রজনী গন্ধা’র উপস্থাপক সালাহউদ্দিন মাহমুদ খসরু



**কায়সার আহমেদঃ** বাংলাদেশ টেলিভিশন প্রচারিত আশির দশকের জনপ্রিয় ম্যাগজিন অনুষ্ঠান ‘রজনী গন্ধা’র নির্মাতা ও উপস্থাপক সালাহউদ্দিন মাহমুদ খসরু বর্তমানে অসুস্থ হয়ে সম্মিলিত সামরিক হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। একাধারে তিনি ছিলেন একজন ব্যাংকার, সমাজসেবী, রোটারিয়েন ও শিশু সংগঠক। চিকিৎসকের মতে তিনি দীর্ঘদিন যাবৎ ডায়েবেটিকস রোগে ভুগছিলেন এবং হঠাৎ করেই তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। তার দু’টো কিডনীরই শতকরা ষাটভাগ নষ্ট হয়ে গেছে। তাকে চিকিৎসার্থে বিদেশ পাঠানোর জরুরী প্রয়োজন দেখা দিয়েছে। তার পারিবারিক সূত্রে জানা যায় যে বিদেশে এধরনের চিকিৎসার যে ব্যয় তা পরিবারের পক্ষে এককভাবে বহন সম্ভব নয়। ভালো চিকিৎসার্থে তাকে জরুরী ভিত্তিতে বিদেশে পাঠানো প্রয়োজন বলে মনে করছেন সিএমএইচ এর চিকিৎসকরা। তার অসংখ্য গুনগ্রাহী ও সাথীবৃন্দের সম্মিলিত প্রচেষ্টায় এরকম একজন গুনী সাংস্কৃতিক ব্যাক্তিত্বকে সুস্থ করে তুলতে পারে। আপনার সাহয্যের জন্যে যোগাযোগ করুন মিসেস খসরু : (৮৮০) ০১৭১৩ ০৩৭ ০৫৬।

তিনি শিশু সংগঠন কচিকাচার মেলা এবং মানবিক কল্যানে বিশ্বব্যাপী অবদান রাখা সংগঠন রোটারী ইন্টারন্যাশনালের সাথে তিনি দীর্ঘদিন জড়িত ছিলেন। রোটারী ক্লাবের সভাপতি ও জেলার ডেপুটি গভর্ণর পদসহ বিভিন্ন পদে কাজ করেছেন। তিনি জাহাঙ্গীনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের একজন কৃতী ছাত্র ছিলেন। তিনি সারাটা জীবন তার চলার পথে বেছে নিয়েছেন সততা। জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, রোটারী ও ব্যাংক জগতে রয়েছে তার অসংখ্য গুনগ্রাহী বন্ধু-বান্ধব।

জনাব খসরু যেমন ছিলেন একজন সাংস্কৃতিক ব্যাক্তিত্ব অন্যদিকে তিনি ছিলেন বিশিষ্ট সমাজসেবক। কর্মজীবনে তিনি ছিলেন একজন সৎ ও কর্মঠ ব্যাংকার। চাকুরী জীবনে শুরু থেকে দীর্ঘদিন তিনি অগ্রণী ব্যাংকে উপ-মহাব্যবস্থাপক পদ থেকে তিনি মিউচিয়েল ট্রাস্ট ব্যাংকের সিনিয়ার এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট পদে কাজ করেন।